

পশ্চিমবঙ্গ সরকার
জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করন
পশ্চিম মেদিনীপুর

দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি নং ২৫/২০১৯-২০২০

এতদ্বারা পশ্চিম মেদিনীপুর জেলার সমস্ত মৎসজীবী সমবায় সমিতি / মৎস উৎপাদক গোষ্ঠি / স্বয়ম্ভর গোষ্ঠি সমূহকে জানানো যাইতেছে যে ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের বিজ্ঞপ্তি নং ৭৫৭-এল. পি./১এ-৪/২০১২ তাং ২৫.০২.২০১৬ মোতাবেক এবং সরকারি খাস জলাধারে ইজারা সংশ্লিষ্ট কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে মাননীয় জেলা শাসক, পশ্চিম মেদিনীপুর -এর অনুমোদন অনুসারে নিম্নবর্ণিত বিভাগীয় পুষ্করিণী (Departmental Ponds) সমূহ আগামী ৫ (পাঁচ) বৎসরের জন্য নিম্ন লিখিত শর্তসাপেক্ষে মাছ চাষের জন্য মেয়াদী বন্দোবস্ত দেওয়া হইবে। বন্দোবস্ত গ্রহনে ইচ্ছুক মৎসজীবী সমবায় সমিতি / মৎস উৎপাদক গোষ্ঠি/ স্বয়ম্ভর গোষ্ঠি সমূহের নিকট হইতে ১(এক) টাকা কোর্ট ফি সংযুক্ত দরখাস্ত মুখবন্ধ খামে সীলকরা দরপত্র আহ্বান করা হইতেছে।

শর্তাবলী

- ১) দরপত্রে দরপত্র দাখিলকারী মৎসজীবী সমবায় সমিতি / গোষ্ঠির সম্পাদক / গোষ্ঠির নেতা বা নেত্রীর স্বাক্ষর ও সীলমোহর লাগাইতে হইবে এবং রেজিস্ট্রেশন নম্বর লিখিতে হইবে। সমিতি / গোষ্ঠি-র নাম, ঠিকানা পিনকোড সহ ফোন নং সম্পষ্ট ও সম্পূর্ণভাবে লিখিতে হইবে। রেজিস্ট্রেশনের স্বপ্রত্যয়িত জেরক্স কপি / পাস বই এর স্ব-প্রত্যয়িত জেরক্স কপি এবং ভোটার কার্ডের স্ব-প্রত্যয়িত জেরক্স কপি দিতে হইবে।
- ২) খামের উপরে সমিতির / গোষ্ঠির সীলমোহর লাগাইতে হইবে ও সংশ্লিষ্ট জলাধারের বিবরণ (দাগ নং, মৌজা ও জে. এল নং) লিখিতে হইবে।
- ৩) দরপত্র প্রদানের জন্য নির্ধারিত বয়ানে আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট জলাধারের জন্য নির্দিষ্ট বার্ষিক সংরক্ষিত মূল্যের (Reserved Price) ২ শতাংশ হারে বায়না মূল্য (Earnest Money) জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, পশ্চিম মেদিনীপুর (District Land & Land Reforms Officer, Paschim Medinipur) এর অনুকূলে সম্পাদিত ব্যাঙ্ক ড্রাফট মেদিনীপুর শহরে প্রাপ্তব্য (Payable at Medinipur) এর মাধ্যমে জমা দিতে হইবে। সর্বোচ্চ দরপত্র প্রদানকারীকে বন্দোবস্ত দেওয়া হইবে। তিনি ব্যতীত অন্যান্য সকল আংশগ্রহণকারীর জমাকৃত ড্রাফট ফেরত দেওয়া হইবে।
- ৪) সর্বোচ্চ দর প্রদানকারীকে কমিটি কর্তৃক অনুমোদিত হওয়ার সময়ই প্রথম বছরের বন্দোবস্তের জন্য প্রদত্ত দরের ২৫ শতাংশ টাকা আদায় দিতে হইবে। নতুবা তিনি প্রদেয় ২ শতাংশ বায়না মূল্য ফেরৎ পাইবেন না। বাকি টাকা পরবর্ত্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জমা দিতে হইবে এবং চুক্তিপত্র সম্পাদন ও ইজারাদারের নিজ খরচে চুক্তিপত্র রেজিস্ট্রারি করাইতে হইবে। পাঁচ বৎসর চাষের জন্য প্রতি বৎসর দরপত্রে প্রদত্ত অর্থ জমা দিতে হইবে। চুক্তির মেয়াদ শেষ হইবে চুক্তি অনুমোদনের তারিখ হইতে ঠিক পাঁচ বৎসর পর। চুক্তিপত্র সম্পাদন না করিলে সরকারি অনুমোদিত সংশ্লিষ্ট প্রতিটি ধারা ইজারাদারের উপর বর্তাইবে ও প্রযোজ্য হইবে এবং প্রয়োজনবোধে কর্তৃপক্ষ ঐ বন্দোবস্ত বাতিল করিতে পারিবেন।
- ৫) সর্বোচ্চ দর বাৎসরিক। পরবর্ত্তী বৎসর গুলিতে পাঁচ শতাংশ বর্ধিত হারে সংযুক্ত করিয়া বন্দোবস্তের অর্থ বৎসরের শুরুতে প্রদান করিতে হইবে।